অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/21/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল অ্যাডমিনিস্ট্রেশন নিয়োগ, মনোনয়ন এবং সুপারিশ ঘোষণা করেন

আজ গভর্নর হোচুল তার অ্যাডমিনিস্ট্রেশনের নতুন নিয়োগ, মনোনয় এবং সুপারিশ ঘোষণা করেন।

"কোনো সন্দেহ নেই এতে যে নিউইয়র্ক অনেক চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে এবং এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আমরা আমাদের স্টেট পরিচালনা এবং আমাদের জনগণের জন্য লড়াই করার জন্য আমরা সেরা এবং উজ্জ্বল ব্যক্তিত্বকে পছন্দ করেছি," **গভর্নর হোচুল বলেছেন।**"এই ব্যক্তিত্বরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং আমাদের প্রশাসনকে জরুরীর সময় নিউইয়র্কবাসীদের রক্ষা করা থেকে শুরু করে স্টেটের আর্থিক সিস্টেমকে রেগুলেট করা পর্যন্ত বেশ কিছু কঠিন চ্যালেঞ্জ মোকাবিলায় পদক্ষেপ করতে সাহায্য করবে।"

জানেট এম. **ময়**-কে মনোনয়ন করা হবে **জেনারেল সার্ভিস অফিসের (OGS) কমিশনার হিসাবে।** সম্প্রতিকালে তিনি পাবলিক হেলথ সলিউশনের এগজিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এবং চিফ অপারেটিং অফিসার হিসাবে কাজ করেছেন, যা নিউইয়র্ক সিটি জুড়ে স্বাস্থ্য বৈষম্য কমানোর জন্য প্রতিশ্রুতিবদ্ধ একটি অর্গানাইজেশন। এই ভূমিকায়, তিনি PHS এর - 'ফাইনান্স ও অ্যাকাউন্টিং, হিউমান রিসোর্স, ইনফরমেশন টেকনোলজি, ফেসিলিটি ও রিয়েল এস্টেট ম্যানেজমেন্ট, এবং কন্ট্রাকটিং এন্ড ম্যানেজমেন্ট সার্ভিস টিমের তত্ত্বাবধান করেছেন। এর আগে, মিসেস ময় নিউইয়র্ক অ্যাটর্নি জেনারেলের অফিসে সিওও হিসেবে কাজ করেছিলেন, তার ব্যবসায়িক অপারেশন তত্ত্বাবধান করেছিলেন 225 মিলিয়ন ডলার বাজেটে এবং 33 টি স্থানে 1,800 কর্মচারীদের নিয়ে এবং এন্টারপ্রাইজ-ব্যাপী আধুনিকীকরণ প্রোগ্রাম। মিসেস ময় ব্রুকলিন পাবলিক লাইব্রেরিতে প্রথম চিফ স্ট্রাটেজি অফিসার হিসেবে কাজ করেছিলেন, তার গুরুত্বপূর্ণ কৌশলগত উদ্যোগ থেকে শুরু করে উদ্ভাবনীমূলক সার্ভিস প্রদান, রেভিনিউ তৈরি করা এবং অপারেশন উন্নত করাই ছিল তার লক্ষ্য। তিনি মেয়রের NYC অফিসে ডেপুটি চিফ অফ স্টাফ এবং সিনিয়র পলিসি অ্যাডভাইজার হিসেবে কাজ করেছেন, কাস্টমার সার্ভিসের স্ট্রাটেজি, প্রযুক্তি এবং উদ্ভাবনের ওপর গুরুত্ব দিয়েছেন। পাবলিক সার্ভিসে আসার আগে, তিনি ম্যানেজমেন্ট কনসাল্টিং ফার্ম বুজ অ্যালেন হ্যামিল্টন এবং স্বাস্থ্য বীমা কোম্পানি অ্যানথেমে কাজ করেছেন। মিসেস ময় রাষ্ট্রবিজ্ঞানে বিএ এবং রচেস্টার ইউনিভার্সিটি থেকে ম্যানেজমেন্টে এমএস করেছেন। ময় ভারপ্রাপ্ত কমিশনার হিসেবে কাজ করবেন সেনেট নিশ্চিত না করা পর্যন্ত ।

মারিয়া ইম্পেরিয়ালকে মনোনয়ন করা হবে **হিউমান রাইটস ডিভিশনের কমিশনার (DHR)** হিসেবে. সম্প্রতি, মিসেস ইম্পেরিয়াল YWCA হোয়াইট প্লেনস এবং সেন্ট্রাল ওয়েস্টচেস্টারের সিইও হিসেবে কাজ করেছেন, যার লক্ষ্য হচ্ছে বর্ণবাদকে নির্মূল করা এবং নারীর ক্ষমতায়ন। মিসেস ইম্পেরিয়ালের নেতৃত্বে, YWCA তার রেসিডেন্সের জন্য $26 মিলিয়ন ডলারের গ্রীন রেনোভেশন সম্পূর্ণ হয়েছে, তার নর্থ সেন্ট অ্যাক্টিভিটি সেন্টারের $4 মিলিয়ন ডলারের বন্ডে আবার ফাইন্যান্সিং করা হয়েছে, তার লক্ষ্যকে আরও ভালভাবে প্রতিফলিত করার জন্য সংগঠনের প্রোগ্রামগুলিকে পুনরায় যুক্ত করেছে, যার মধ্যে রয়েছে সেন্টার ফর রেসিয়াল ইক্যুইটি, যা 2021 সালের এপ্রিল মাসে খোলা হয়েছে। 2018 সালে মিসেস ইম্পেরিয়াল ওয়েস্টচেস্টার 914-এর দ্বারা ওমেন ইন বিজনেস অ্যাওয়ার্ডী হিসেবে স্বীকৃত পেয়েছেন এবং ফোর্ডহাম ল স্কুলের ফিয়ারিক সেন্টার ফর সোশ্যাল জাস্টিস চ্যাম্পিয়ন অব জাস্টিস অ্যাওয়ার্ড, কাউন্টিতে হিউম্যান রাইটস প্রচারের জন্য ওয়েস্টচেস্টার হিউম্যান রাইটস কমিশন অ্যাওয়ার্ড এবং ওয়েস্টচেস্টার কমিউনিটি অপর্চুনিটি প্রোগ্রাম (WESTCOP) কমিউনিটি সার্ভিস অ্যাওয়ার্ড পেয়েছেন। তিনি ননপ্রফিট ওয়েস্টচেস্টারের বোর্ড অফ ডিরেক্টরে এবং নবম জুডিশিয়াল ডিস্ট্রিক্টের জন্য কোর্ট কমিটিতে মহিলাদের জন্য অ্যাডভাইসারি বোর্ডে কাজ করেন। মিসেস ইম্পেরিয়াল তার কর্মজীবন শুরু করেছিলেন ও'মেলভিনয় এন্ড ময়েরস ল ফার্মের একজন অ্যাসোসিয়েট হিসেবে। তিনি হার্ভার্ড ইউনিভার্সিটি, রবার্ট ওয়াগনার গ্রাজুয়েট স্কুল অফ পাবলিক সার্ভিস এবং হার্ভার্ড ল স্কুল থেকে গ্রাজুয়েট হয়েছেন। মিসেস ইম্পেরিয়াল ভারপ্রাপ্ত কমিশনার হিসেবে কাজ করবেন সেনেট নিশ্চিত না করা পর্যন্ত।

জ্যাকি ব্রেকে মনোনয়ন করা হবে **কমিশনার নিউ ইয়র্ক স্টেট ডিভিশনের হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসের কমিশনার হিসাবে (DHSES)**. নিউইয়র্ক সিটির জন্য তিনি কোভিডের শীর্ষ সময়ে হাসপাতালের বৃদ্ধি ক্ষমতাকে কোঅর্ডিনেট করার পরে, এনওয়াইসি টেস্ট অ্যান্ড ট্রেস কর্পসের ডেপুটি এক্সিকিউটিভ ডিরেক্টর এবং সিটির ভ্যাকসিনেশন ক্যাম্পেন একজন সিনিয়র অ্যাডভাইসর হিসেবে কাজ করার পরে তিনি হোচুল অ্যাডমিনিস্ট্রেশনে যোগদান করেন। এর আগে তিনি ভাড়াটেদের সুরক্ষার জন্য মেয়রের অফিসের প্রথম ডিরেক্টর হিসেবে কাজ করেছিলেন যেখানে তিনি ভাড়াটেদের অধিকার এবং সিটির 2 মিলিয়ন ভাড়াটে পরিবারকে সুরক্ষিত করাকে ফোকাস করে তাকে ভিত্তি করে একটি নতুন অফিস তৈরি করেছিলেন। তার আগে, তিনি নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব হোমলেস সার্ভিসেস-এ প্রথম ডেপুটি কমিশনার হিসেবে কাজ করেছিলেন, যা দেশের সবচেয়ে বড় এবং সর্বাধিক বিস্তৃত হোমলেস সিস্টেম, যেখানে তিনি প্রতিদিনের অপারেশন এবং সিটি টার্নিং দ্য টাইড অন অন হোমলেস প্ল্যান বাস্তবায়নের তত্ত্বাবধান করেছিলেন। তিনি NYC গভর্নমেন্টে যোগদানের আগে, মিসেস ব্রে ন্যাশনাল ওশিয়ানিক অ্যান্ড অ্যাটমোসফেরিকে অ্যাডমিনিস্ট্রেশনের ডেপুটি চিফ অফ স্টাফ এবং ন্যাশনাল ওয়েদার সার্ভিসে চিফ অফ স্টাফ হিসেবে কাজ করেছিলেন। সেখানে তিনি দেশের ওয়েদার স্যাটেলাইট প্রোগ্রামকে মজবুত করার ওপর জোর দিয়েছেন, স্টেট ও এলাকার ভালো সিদ্ধান্ত গ্রহণে পরিষেবা সহায়তরা জন্য ওয়েদার সার্ভিস ভিশন এবং ক্লাইমেট অ্যাডাপটেশন পলিসি তৈরি করে বাস্তবায়ন করেছিলেন। তিনি মিশিগান ইউনিভার্সিটির একজন প্রাক্তন ছাত্রী এবং কলম্বিয়া ইউনিভার্সিটির মেলম্যান স্কুল অব পাবলিক হেলথ থেকে পাবলিক হেলথ নিয়ে মাস্টার্স করেছেন। মিসেস ব্রে পাবলিক সেক্টর চেঞ্জ ম্যানেজমেন্ট এবং আমলাতন্ত্রকে কার্যকরী করার ব্যাপারে আগ্রহী। মিসেস ব্রে ভারপ্রাপ্ত কমিশনার হিসেবে কাজ করবেন সেনেট নিশ্চিত না হওয়া পর্যন্ত।

লুসি ল্যাং-কেনিয়োগ করা হয়েছে **নিউইয়র্ক স্টেটের ইন্সপেক্টর জেনারেল হিসাবে**. সম্প্রতি ল্যাং ইনস্টিটিউট ফর ইনোভেশন ইন প্রসিকিউশন (IIP)-এর ডিরেক্টর হিসেবে কাজ করেছেন যাতে প্রসিকিউটর এবং কমিউনিটির একসঙ্গে কাজ করে ক্রিমিনাল জাস্টিস সিস্টেমে নিরাপত্তা, ন্যায্যতা ও মর্যাদা উন্নত হয়। তার নেতৃত্বে, IIP অপরাধমূলক ন্যায়বিচার সংস্কারের পক্ষে এবং পুলিশের গোলাগুলি এবং মৃত্যুর হার কম হয়েছে, দায়বদ্ধতা বৃদ্ধির জন্য ন্যাশনাল প্রসিকিউটোরিয়াল গাইডলাইনস তৈরি হয়েছে এবং পুলিশের হিংস্রতার কবল থেকে সহায়তার আহ্বান জানানোর দিকে গুরুত্ব দিয়েছিলেন। 2006 সালে একজন অ্যাসিসটেনট DA হিসাবে ল্যাং ম্যানহাটনে তার কর্মজীবন শুরু করেছিলেন, প্রথমে আপিল ব্যুরোতে এবং পরে ট্রায়াল ডিভিশনে। তিনি ডিস্ট্রিক্ট অ্যাটর্নির স্পেশাল কাউন্সেল এবং ইন-হাউস থিংক ট্যাঙ্কের এক্সেকিউটিভ ডিরেক্টর, ম্যানহাটন D.A. অ্যাকাডেমি, যা প্রসিকিউটরদের জন্য আইনি ট্রেনিং প্রসারিত করেছেন এবং প্রসিকিউটরিয়াল সংস্কার নীতি তৈরি করেছেন। সেখানে তিনি ইনসাইড ক্রিমিনাল জাস্টিস নামে একটি প্রোগ্রাম তৈরি করেন, যা প্রসিকিউটর্স এবং ইনকোর্সেরাটেড ছাত্রদের জেলের ভেতরে একসঙ্গে ক্রিমিনাল জাস্টিস স্টাডি করার জন্য কলেজের এক ধরনের ক্লাস। 2015 সালে নিউইয়র্ক ল জার্নাল ল্যাংকে রাইজিং স্টার হিসেবে নাম করেছিলেন। তিনি প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট বিল ক্লিনটন এবং জর্জ ডব্লিউ বুশের 2014 সালে চালু করা একটি প্রেসিডেন্সিয়াল লিডারশিপ স্কলারসের 2017 ক্লাসের সদস্য ছিলেন এবং ফরেন রিলেশনস কাউন্সিল-এর টার্ম সদস্য হিসেবে কাজ করেন। ল্যাং 2020 সালে আমেরিকান সাইকোলজিকাল অ্যাসোসিয়েশন থেকে এলিজাবেথ হার্লক বেকম্যান অ্যাওয়ার্ড পেয়েছেন, একজন শিক্ষাবিদ হিসাবে তার কাজের জন্য যিনি তার ছাত্র কমিউনিটির মধ্যে একটি পরিবর্তন আনতে অনুপ্রাণিত করেছিলেন। তিনি 2020 সালে নিউইয়র্ক স্টেট বার অ্যাসোসিয়েশন টাস্ক ফোর্সে জাতিগত অন্যায় এবং পুলিশ রিফর্ম এবং 2021 সালে বর্ণবাদ, সোশ্যাল ইক্যুইটি এবং আইনের জন্য নিয়োগ হয়েছিলেন এবং তিনি মার্চ অন এর লেখক! 19 তম সংশোধনের 100 তম বার্ষিকী উপলক্ষ্যে মহিলাদের ভোটাধিকার সম্পর্কে শিশুদের জন্য প্রকাশিত হয়েছে এই বইটি। 2021 সালে ল্যাং ওয়ার্থ ম্যাগাজিনের 50 উম্যান চেঞ্জিং দ্য ওয়ার্ল্ড-এর একজন হিসেবে নাম করেছিলেন। ল্যাং তার বি.এ. সোয়ার্থমোর কলেজ থেকে উচ্চ সম্মানসহ রাষ্ট্রবিজ্ঞানে এবং কলম্বিয়া ল স্কুল থেকে তার জেডি।

গভর্নর হোচুল **নিউ ইয়র্ক স্টেট ইন্স্যুরেন্স ফান্ডের (NYSIF)**কমিশনারদের সুপারিশ করেছেন **গৌরব বশিষ্ঠ**-কে **এগজিকিউটিভ ডিরেক্টর** হিসেবে নিয়োগ করতে। মিস্টার বশিষ্ঠ ফেডারেল রিজার্ভ সিস্টেমের গভর্নর বোর্ডের একজন প্রাক্তন চেয়ারম্যানের অ্যাডভাইসর, নিউইয়র্কের তিনজন গভর্নরের আইনজীবী হিসাবে এবং নিউ ইয়র্কের ফিনান্সিয়াল সার্ভিস ডিপার্টমেন্টের প্রধান ভূমিকা পালন করেছেন, তার প্রেডিসেসর, নিউইয়র্ক ইন্সুরেন্স ডিপার্টমেন্ট, এবং নিউইয়র্ক অ্যাটর্নি জেনারেলের অফিস। 2014 থেকে 2020 পর্যন্ত ভলকার অ্যালায়েন্স ("অ্যালায়েন্স")-এ ফিনান্সিয়াল রেগুলেশন প্রোগ্রামের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এবং ডিরেক্টর হিসেবে, মিস্টার বশিষ্ঠ প্রাক্তন ফেডারেল রিজার্ভ চেয়ারম্যান পল এ ভলকার এবং ভলকার অ্যালায়েন্স বোর্ডের অসংখ্য সদস্যকে আর্থিক স্থিতি এবং রেগুলেটরি ব্যাপারে পরামর্শ দিয়েছিলেন। মিস্টার বশিষ্ঠ সংস্কার প্রস্তাবের বিকাশকে নির্দেশনা দিয়েছিলেন এবং ব্যাংকিং, হাউজিং এবং নগর বিষয়ক সেনেট কমিটি, হাউস ফিনান্সিয়াল সার্ভিসেস কমিটি এবং আর্থিক নিয়ন্ত্রক সংস্থাগুলির একটি অ্যারে সহ ফেডারেল সরকারের সামনে জোটের নীতি অগ্রাধিকার

প্রচার করেছিলেন। অ্যালায়েন্সে যোগদানের আগে, মিস্টার বশিষ্ঠ নিউইয়র্ক স্টেট গভর্নমেন্ট এক দশক কাটিয়েছিলেন। অতি সম্প্রতি, তিনি DFS-এর এগজিকিউটিভ ডেপুটি-সুপারিনটেনডেন্ট হিসেবে কাজ করেছেন, এজেন্সির ব্যাঙ্কিং ডিভিশনের প্রধান হিসেবে, এবং তার আগে DFS- প্রেডিসেসর এজেন্সির NYS ইন্সুরেন্স ডিপার্টমেন্টের সিনিয়র ডেপুটি সুপারিনটেনডেন্ট ছিলেন। মিস্টার বশিষ্ঠ প্রথম অ্যাসিস্ট্যান্ট কাউন্সেল এবং অ্যাসিস্ট্যান্ট কাউন্সেল হিসেবে শুরু করে নিউ ইয়র্কের তিন গভর্নর এবং এনওয়াইএস অ্যাটর্নি জেনারেলের অফিসের ইনভেস্টমেন্ট প্রোটেকশন ব্যুরোতে অ্যাসিস্ট্যান্ট অ্যাটর্নি জেনারেল হিসাবেও কাজ করেছেন। মিস্টার বশিষ্ঠ ডিউক ল স্কুলের গ্লোবাল আর্থিক মার্কেট সেন্টারের নন-রেসিডেন্ট ফেলো এবং পেন ল-এর রেগুলেটরি রিভিউয়ের একজন অবদানকারী, যিনি নিউইয়র্ক ইউনিভার্সিটি এবং সেন্ট জনস ইউনিভার্সিটি স্কুল অফ ল-এর থেকে গ্রাজুয়েট হয়েছেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন